

১২। বিদ্যালয়ে ভর্তির জন্য নিচের ফরমটি পূরণ করো :  
ঢাকা কলেজিয়েট স্কুল  
সদরঘাট, ঢাকা-১১০০

তারিখ :  
নাম :  
মাতার নাম :  
পিতা/অভিভাবকের নাম :  
অভিভাবকের মোবাইল নম্বর :  
যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক :  
বর্তমানে যে শ্রেণিতে পড়ো :  
বর্তমান শ্রেণির ক্রমিক নম্বর :  
বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের নাম :  
অত্র বিদ্যালয়ে ভর্তির কারণ :  
বর্তমান ঠিকানা :  
স্থায়ী ঠিকানা :

.....  
...  
শিক্ষার্থীর স্বাক্ষর

১৩। অসুস্থতার জন্য বিদ্যালয়ে অনুপস্থিত থাকার ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদন পত্র লিখ।

অথবা,  
বই কেনার টাকা চেয়ে পিতার নিকট একখানা পত্র লিখ।

১৪। রচনা লিখ : ২০০ শব্দের মধ্যে (যেকোনো ১টি) :

- ক) আমাদের গ্রাম  
খ) বিড়াল  
ঘ) জাতীয় ফল।

৫

## দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : চতুর্থ

বিষয় : বাংলা

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

**প্রদত্ত অনুচ্ছেদ পড়ে ১ ও ২ ক্রমিক পর্যন্ত প্রশ্নের উত্তর লিখ।**

খোকার বন্ধু জেলের ছেলে গোপাল করুণ সুরে বাঁশি বাজায়। খোকা বন্ধুকে বলে, তোর বাঁশির সুরে আনন্দ নেই কেন রে গোপাল? গোপাল হতাশ হয়ে বলে, আমার চারদিকে মানুষের জীবনে আনন্দ নেই রে খোকা। খোকা নিশ্চুপ থেকে ভাবে, তাই-তো। আমার চারদিকে এমন অবস্থা হই তো দেখছি। এই অবস্থা বদলাতে হবে। দেশের নানা কথা ভাবতে ভাবতে বড় হয় খোকা। স্কুল পার হয়ে কলেজে ঢোকে। বাংলার মানুষের কথা, দেশের কথা তাকে নিয়ত ভাবায়। তিনি পার হন কলেজের চৌকাঠ। আরও বড় হন তিনি। যুক্ত হন রাজনীতির সঙ্গে। গরিব মানুষের দুঃখ দূর করার জন্য আন্দোলন করেন। ১৯৭১ সালে ডাক দেন স্বাধীনতার।

১। নিচের শব্দগুলোর অর্থ লিখ : (যেকোন ৫টি)

১ × ৫ = ৫

দুঃখ, নিয়ত, হতাশ, নিশ্চুপ, স্বাধীনতা, যুক্ত, আন্দোলন।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লিখ :

২ + ৪ + ৪ = ১০

ক) বঙ্গবন্ধুর জন্মস্থান কোন গ্রামে ?

খ) করুণ সুরে বাঁশি বাজাত কে ?

গ) গরিব মানুষের প্রতি খোকার দরদের একটি উদাহরণ দাও।

**প্রদত্ত অনুচ্ছেদ পড়ে ৩ ও ৪ ক্রমিক পর্যন্ত প্রশ্নের উত্তর লিখ।**

বাংলাদেশ আমাদের জন্মভূমি। মাতৃভূমি বাংলাদেশকে আমরা ভালোবাসি। এদেশকে নিয়ে আমরা গর্ব করি। এদেশে সোনার ফসল ফলে। আমাদের এই দেশ একসময় প্রচুর সম্পদে ভরা ছিল। তাই এই বাংলাকে বলা হয় সোনার বাংলা। এদেশ যেন প্রকৃতির নানারঙে সাজানো। কিন্তু এই সুন্দর দেশটি একসময় ছিল পাকিস্তানিদের দখলে। এই দেশকে স্বাধীন করতে শত সহস্র শহিদের প্রাণ দিতে হয়েছে, দিতে হয়েছে বুকের তাজা রক্ত। অনেক সংগ্রাম আর ত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি স্বাধীনতা।

৩। প্রদত্ত শব্দের অর্থ বুঝে শূন্যস্থান পূরণ কর :

১ × ৫ = ৫

শব্দ	শব্দার্থ
মাতৃভূমি	স্বদেশ, জন্মভূমি

গর্বি	গৌরব, অহংকার
দখল	অধিকার
শহিদ	ন্যায়ের জন্য প্রাণ দিয়েছেন যাঁরা
প্রাণ	জীবন
সম্পদ	ঐশ্বর্য, ধন-দৌলত।

- ক) বাংলাদেশ আমাদের ..... ।  
 খ) শহিদদের নিয়ে আমরা ..... করি ।  
 গ) অন্যে সম্পদ ..... করা উচিত নয় ।  
 ঘ) রফিক ভাষার জন্য ..... হয়েছেন ।  
 ঙ) ..... দিয়ে হলেও আমরা স্বাধীনতা রক্ষা করব ।

৪। নিচের প্রশ্ন গুলোর উত্তর লেখ :

৫ × ৩ = ১৫

- ক) বাংলাকে সোনার বাংলা বলা হয় কেন ?  
 খ) বাংলাদেশকে আমরা ভালোবাসি কেন ?  
 গ) বাংলাদেশ কীভাবে স্বাধীন হলো ?

৫। বন্ধনীতে প্রদত্ত নির্দেশিত অনুযায়ী নিচের বাক্যগুলোর ক্রিয়াপদের অতীত, বর্তমান ও ভবিষ্যত রূপ লেখ। (যেকোনো ৫টি)

৫

- ক) পার্বত্য অঞ্চলে জুম চাষ হতো। (বর্তমান)  
 খ) আমরা কল্লবাজার যাব। (অতীত)  
 গ) সমুদ্রে রত্ন পাওয়া যায়। (ভবিষ্যত)  
 ঘ) মাঝে মধ্যে সে এখানে আসে। (অতীত)  
 ঙ) সবারই বাস্তবতা মানা উচিত। (অতীত)  
 চ) ফুল সুগন্ধ ছড়ায়। (বর্তমান)  
 ছ) আমি তোমার মঙ্গল কামনা করি। (ভবিষ্যত)

৬। নিচের অনুচ্ছেদটি পড়ে (কে, কী, কোথায়, কীভাবে, কেন, কখন) প্রদত্ত নির্দেশনা

অনুযায়ী প্রশ্ন তৈরি কর: (যেকোনো ৫টি)

৫

সবুজ সোনালি ফিরোজ রূপালী  
 রূপের নেই তো শেষ ।  
 আমি তো মরেছি যতবার যায় মরা,  
 নবীন যাত্রী তোমাকে শোনাই ছড়া

এদেশ আমার এদেশ তোমার  
 সবিশেষ মুজিবের ।

৭। যুক্তবর্ণগুলো বিভাজন করে শব্দগঠন কর এবং তৈরিকৃত শব্দ দিয়ে বাক্যগঠন কর :

(যেকোনো ৫টি)

২ × ৫ = ১০

স্ক, প্র, চ্ছ, শ্র, দ্ব, শ্চ, শ্র ।

৮। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লিখ :

৫

আমার সালাম নেবেন আজ আমি স্কুল আসতে পারছি না আমার ছোট বোনের অসুখ করেছে

আর বাবাও বাড়ি নেই কাল আসবেন

৯। এক কথায় প্রকাশ কর : (যেকোনো ৫টি)

৫

যে জিনিসে কোনো স্বাদ নেই, হাতির পিঠে বসার আসন, একই মাতার সন্তান, দিনের শেষ ভাগ, দিনের প্রথম ভাগ, ভাতের অভাব, যা দমন করা যায় না।

১০। সমার্থক শব্দ লিখ (যেকোনো ৫টি) :

৫

শেষ, মুক্তি, সোনা, নবীন, যাত্রী, উচিত, বৃক্ষ ।

১১। পাঠ্যবইয়ের কবিতা পড়ে প্রশ্নগুলোর উত্তর লিখ :

২ + ৫ + ৩ = ১০

খাবার খেতে আসি যখন দিদি বলে ডাকি তখন

ও-ঘর থেকে কেন মা আর দিদি আসে নাকো,

আমি ডাকি,-তুমি কেন চুপটি করে থাকো?

বল মা, দিদি কোথায় গেছে, আসবে আবার কবে?

কাল যে আমার নতুন ঘরে পুতুল বিয়ে হবে!

দিদির মতন ফাঁকি দিয়ে আমিও যদি লুকোই গিয়ে-

ক) কবিতাংশটুকু কোন কবিতার অংশ এবং উক্ত কবিতাটির কবির নাম কী ?

খ) প্রদত্ত কবিতাংশের মূলভাব লেখ।

গ) ছোট বোনটি কার কাছ থেকে এবং কেন দিদির কথা জানতে চায় ?